



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
কৃষি ও পল্লী ঋণ বিভাগ

Financial Literacy Wing

www.krishibank.org.bd

সূত্র নং-প্রকা/কৃপবি-৩৫২/২০২৩-২৪/১০৮

তারিখঃ ০৩/০১/২০২৪

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/ স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ আর্থিক সাক্ষরতা কার্যক্রম এর আওতায় আয়োজিত প্রোগ্রামে অংশগ্রহণকারীদের আর্থিক অন্তর্ভুক্তি ও নারীদের অংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট এর ১১ ডিসেম্বর, ২০২৩ তারিখের পত্র সূত্র নং এফআইডি/২০৩/০২/০২/২০২৩-৪৩৫৫ এবং কৃষি ও পল্লী ঋণ বিভাগের ২৬ ডিসেম্বর, ২০২৩ তারিখের পত্র নং ৭১ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। শিরোনামোক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের আলোচ্য পত্রে এফআইডি সার্কুলার নং ০১/২০২২ এর সাথে সংযোজিত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য আর্থিক সাক্ষরতা সহায়ক পুস্তিকায় (পৃষ্ঠা-১১) মূল অনুষ্ঠানকে বাধ্যতামূলক না করে অনুষ্ঠান চলাকালে অনুষ্ঠানস্থলে (আলাদা ব্যবস্থায়) ব্যাংক হিসাব খোলা বা আর্থিক প্রতিষ্ঠানের জন্য স্কিম সেবা গ্রহণের সুযোগ রাখার বিষয়ে পরামর্শ প্রদানের বিষয়টি উল্লেখ করা হয়। বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক আয়োজিতব্য আর্থিক সাক্ষরতা প্রোগ্রামসমূহে অংশগ্রহণকারীদের জন্য এ ধরনের সেবা গ্রহণের সুযোগ প্রদান করা হলে তা সার্বিক আর্থিক অন্তর্ভুক্তির লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক হবে মর্মে আশা করা যায়।


০৩। প্রসঙ্গত, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের আর্থিক সাক্ষরতা কার্যক্রমের জানুয়ারি-জুন/২০২৩ বার্ষিকের প্রতিবেদনসমূহ থেকে উক্ত বার্ষিক আয়োজিত আর্থিক সাক্ষরতা প্রোগ্রামসমূহে তুলনামূলক কম সংখ্যক নারীদের অংশগ্রহণ পরিলক্ষিত হয়েছে বলে বাংলাদেশ ব্যাংক হতে অবহিত করা হয়েছে। সর্বশেষ তথ্য অনুযায়ী আর্থিক খাতের বিভিন্ন প্রতিষ্ঠানে নারী-পুরুষদের Account Ownership- এ এখনও যথেষ্ট ব্যবধান বিদ্যমান। এ ব্যবধান কমিয়ে আনার অন্যান্য উদ্যোগের পাশাপাশি আর্থিক সাক্ষরতা প্রোগ্রামসমূহে অধিক সংখ্যক নারীদের উপস্থিতি নিশ্চিত করা প্রয়োজন।

০৪। এমতাবস্থায়, নিম্নোক্ত ব্যবস্থাসমূহ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলোঃ

- বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক আয়োজিতব্য আর্থিক সাক্ষরতা প্রোগ্রামে অংশগ্রহণকারীদের মধ্যে কতজন অনুষ্ঠানস্থলে বা পরবর্তীতে শাখা/উপশাখা/এজেন্ট আউটলেটে হিসাব/স্কিম খোলেছেন তার তথ্য পরবর্তীতে ব্যবহারের জন্য ন্যূনতম ১ বছর সংরক্ষণ; এবং
- আর্থিক সাক্ষরতা প্রোগ্রামসমূহে অধিক সংখ্যক নারীদের অংশগ্রহণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত,

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক


ই-মেইলঃdgmpdp@krishibank.org.bd

সূত্র নং-প্রকা/কৃপবি-৩৫২/২০২৩-২৪/১০৮

তারিখঃ ০৩/০১/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফঅফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফঅফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফঅফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।


(মোহাম্মদ শরিফুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং- ১৫৭৯ তারিখ- ১৪/০৭/২৬
জিএমডি-১ জিএম.....
ব্যবস্থাপনা পরিচালক

ফাইন্যান্সিয়াল ইনকুশন ডিপার্টমেন্ট

সূত্র নং: এফআইডি/২০৩/০২/০২/২০২৩-৪৩৫৫

তারিখ: ২৬ অগ্রহায়ণ, ১৪৩০
১১ ডিসেম্বর, ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।

প্রিয় মহোদয়,

মহাব্যবস্থাপক (পরি ও পরি) এর দপ্তর
নং- ৫৭০ তারিখ ১৪/১২/২৩
উমব্য, ফ্রেডিট/আঃ বাণিজ্য/ফরেন রেমিঃ
বিসিবিডি
মহাব্যবস্থাপক

আর্থিক সাক্ষরতা কার্যক্রমের আওতাধীন আয়োজিত প্রোগ্রামে অংশগ্রহণকারীদের আর্থিক
অন্তর্ভুক্তি ও নারীদের অংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে এ বিভাগ কর্তৃক ইস্যুকৃত ২৭ মার্চ ২০২২ তারিখের এফআইডি সার্কুলার নং-০১/২০২২ এর
প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলারের সাথে সংযোজনকৃত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য আর্থিক সাক্ষরতা সহায়ক পুস্তিকায়
(পৃষ্ঠা-১১) মূল অনুষ্ঠানকে বাধ্যতামুক্ত না করে অনুষ্ঠান চলাকালে অনুষ্ঠানস্থলে (আলাদা ব্যবস্থায়) ব্যাংক হিসাব খোলা বা আর্থিক
প্রতিষ্ঠানের জন্য স্কিম সেবা গ্রহণের সুযোগ রাখার বিষয়ে পরামর্শ প্রদান করা হয়েছে। আপনাদের প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিতব্য
আর্থিক সাক্ষরতা প্রোগ্রামসমূহে অংশগ্রহণকারীদের জন্য এ ধরনের সেবা গ্রহণের সুযোগ প্রদান করা হলে তা সার্বিক আর্থিক
অন্তর্ভুক্তির লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক হবে মর্মে আশা করা যায়।

০৩। প্রসঙ্গত, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের আর্থিক সাক্ষরতা কার্যক্রমের জানুয়ারি-জুন/২০২৩ ষাণ্মাসিকের
প্রতিবেদনসমূহ থেকে উক্ত ষাণ্মাসিকে আয়োজিত আর্থিক সাক্ষরতা প্রোগ্রামসমূহে তুলনামূলক কম সংখ্যক নারীদের অংশগ্রহণ
পরিলক্ষিত হয়েছে। সর্বশেষ তথ্য অনুযায়ী আর্থিক খাতের বিভিন্ন প্রতিষ্ঠানে নারী-পুরুষদের Account Ownership-এ
এখনও যথেষ্ট ব্যবধান বিদ্যমান। এ ব্যবধান কমিয়ে আনতে অন্যান্য উদ্যোগের পাশাপাশি আর্থিক সাক্ষরতা প্রোগ্রামসমূহে
অধিক সংখ্যক নারীদের উপস্থিতি নিশ্চিত করা প্রয়োজন।

০৪। এমতাবস্থায়, নিম্নোক্ত ব্যবস্থাসমূহ গ্রহণের জন্য আপনাদের পরামর্শ প্রদান করা যাচ্ছে:

- ক) আপনাদের প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিতব্য আর্থিক সাক্ষরতা প্রোগ্রামে অংশগ্রহণকারীদের মধ্যে কতজন
অনুষ্ঠানস্থলে বা পরবর্তীতে শাখা/উপশাখা/এজেন্ট আউটলেটে হিসাব/স্কিম খুলেছেন তার তথ্য পরবর্তীতে
ব্যবহারের জন্য ন্যূনতম ১ বছর সংরক্ষণ; এবং
- খ) আর্থিক সাক্ষরতা প্রোগ্রামে অধিকসংখ্যক নারীদের অংশগ্রহণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা

নং- ১৫৭৯ তারিখ- ১৪/১২/২৩

জিএমডি-১ জিএম.....

পিও/এসপিও.....

এসও/কর্মকর্তা.....

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-১
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
নং- ২২০৬ তারিখ- ১৪/১২/২৩
বিভাগ-এম.ও.পি.....
জিএমডি-১

উপ মহাব্যবস্থাপক

সংযুক্তি : বর্ণনা মোতাবেক

আপনাদের বিশ্বস্ত,

(গোলাম সারোয়ার)

যুগ্মপরিচালক

ফোন-০২-৫৫৬৬৫০০১-২০/২১০৬৯

ই-মেইল: g.sarwar@bb.org.bd

আর্থিক সাক্ষরতা কর্মকর্তাদের জন্য নির্দেশিকা

- ✓ বাংলাদেশ ব্যাংক গ্রন্থিত আর্থিক সাক্ষরতা নীতিমালার আলোকে সমাজের বিভিন্ন শ্রেণি পেশার জনগণের মাঝে আর্থিক সাক্ষরতা বিস্তারের লক্ষ্যে পরিচালিত আর্থিক সাক্ষরতা কর্মসূচি পরিপালনে আর্থিক সাক্ষরতা কর্মকর্তাগণ এই পুস্তিকাটি সহায়ক হিসেবে ব্যবহার করতে পারবেন।
- ✓ সরাসরি আর্থিক সাক্ষরতা কর্মসূচি পরিচালনার পূর্বে অবশ্যই স্থানীয় পর্যায়ে প্রচারণা চালাতে হবে এবং সময় ও স্থান সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। সাপ্তাহিক ছুটির দিনেও অনুষ্ঠান পরিচালনা করা যাবে। সুষ্ঠুভাবে অনুষ্ঠান পরিচালনার জন্য প্রয়োজনীয় সংখ্যক জনবল ও অন্যান্য সামগ্রীর সরবরাহ নিশ্চিত করতে হবে।
- ✓ কোভিড-১৯ বা এ ধরনের অতিমারির কথা বিবেচনায় রেখে স্থানীয় প্রশাসনের বিধি-বিধান অনুসরণপূর্বক পর্যাপ্ত স্বাস্থ্যবিধি মেনে অনুষ্ঠান আয়োজনের ব্যবস্থা করতে হবে।
- ✓ সরাসরি অনুষ্ঠানে অংশগ্রহণকারী নারী, শারীরিক প্রতিবন্ধী ও বয়স্ক জনগোষ্ঠীদের প্রতি যত্নশীল আচরণ ও তাদের অংশগ্রহণ নিবিড় করার যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ✓ অনুষ্ঠানের শুরুতে প্রয়োজনীয় সংখ্যক আর্থিক সাক্ষরতা তথ্য ফরম (এই পুস্তিকার সংযুক্তি 'ক' তে প্রদত্ত) সরবরাহ করতে হবে এবং তা পূরণে প্রয়োজনীয় সামগ্রী বা সহায়তা প্রদান করতে হবে। অনুষ্ঠান শেষের আগে প্রত্যেকের কাছ থেকে উক্ত পূরণকৃত ফরম সংগ্রহ করতে হবে এবং ভবিষ্যতের জন্য সংরক্ষণ করতে হবে। গৃহীত তথ্য সংকলনকরতঃ বাংলাদেশ ব্যাংক প্রেরিতব্য আর্থিক সাক্ষরতা কর্মসূচির প্রতিবেদনের সাথে প্রেরণ করতে হবে।
- ✓ প্রতিটি আর্থিক সাক্ষরতা কর্মসূচি সম্পন্ন করার পর আর্থিক সাক্ষরতা কর্মকর্তা সংশ্লিষ্ট অনুষ্ঠানের উপর সার্বিক মূল্যায়ন করে এ পুস্তিকার সংযুক্তি 'খ' অংশে প্রদত্ত মূল্যায়ন ফরম পূরণ করবেন। তৎপরবর্তীতে পূরণকৃত ফরম বাংলাদেশ ব্যাংক প্রেরিতব্য আর্থিক সাক্ষরতা কর্মসূচী প্রতিবেদনের সাথে সংযুক্ত করে প্রেরণ করবেন।
- ✓ আর্থিক সাক্ষরতা কর্মসূচি পরিচালনাকারী কর্মকর্তাকে ব্যাংকিং বিষয়ের সাধারণ জিজ্ঞাস্য সম্পর্কে অবশ্যই হালনাগাদ থাকতে হবে। আর্থিক সাক্ষরতা কর্মকর্তা তার নিজ জ্ঞান, অভিজ্ঞতা ও বিদ্যমান নীতিমালার সাথে সংগতি রেখে এবং জনগণের চাহিদা বা প্রশ্নের আলোকে প্রয়োজ্য ক্ষেত্রে এ পুস্তিকার তথ্য/উপাত্তকে আরও সুসংহত করতে পারবেন। জনগণকে স্বচ্ছ ধারণা প্রদানের স্বার্থে প্রয়োজনে বাস্তবসম্মত ও ইতিবাচক উদাহরণও তুলে ধরা যাবে।
- ✓ ডিজিটাল আর্থিক পরিষেবা গ্রহণে জনগণকে যথাসম্ভব উদ্বুদ্ধ করতে হবে এবং সে মোতাবেক আর্থিক সাক্ষরতা কর্মকর্তার পূর্বপ্রস্তুতি থাকতে হবে।
- ✓ প্রতিটি অনুষ্ঠানে ভোক্তার অধিকার ও ভোক্তার ক্ষমতায়ন বিষয়ে অবশ্যই জনগণকে অবহিত করতে হবে।
- ✓ এছাড়া, উপস্থিত জনতার বৈশিষ্ট্য (বয়স, পেশা, জেডার ইত্যাদি) অনুসারে তাদের প্রয়োজ্য আর্থিক পণ্য/সেবা সম্পর্কে ধারণাপাত করার বিষয়ে প্রাধান্য দিতে হবে।
- ✓ আর্থিক সাক্ষরতা বিষয়ক অনুষ্ঠান বা কর্মসূচি আয়োজনে স্থানীয় প্রশাসন এর পূর্বানুমোদন (প্রয়োজ্য হলে) গ্রহণকরতঃ স্থানীয় প্রশাসন এবং বিশিষ্টজনদের সরাসরি অংশগ্রহণের সুযোগ রাখতে হবে। এছাড়া, আর্থিক সাক্ষরতা প্রদানে অভিজ্ঞতা রয়েছে এমন সরকারি-বেসরকারি সংস্থা, এনজিও বা অনুরূপ প্রতিষ্ঠানকেও সংযুক্ত করা যেতে পারে। প্রয়োজনে স্থানীয় প্রশাসনের সাথে একত্রে কোনো আয়োজন (যেমন: উঠান বৈঠক) এ অংশগ্রহণ করেও আর্থিক সাক্ষরতা কর্মসূচি পরিচালনা করা যাবে।
- ✓ আর্থিক সাক্ষরতা বিস্তারের ফলে নতুন নতুন গ্রাহক সৃষ্টির সুযোগ রয়েছে বিবেচনায় আর্থিক সাক্ষরতা বিস্তার কার্যক্রমে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে স্ব-প্রণোদিত হয়ে দায়িত্ব পালন করতে হবে।
- ✓ কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান এর সুনির্দিষ্ট আর্থিক পণ্য বা সেবা সম্পর্কে আলোকপাত না করে বরং সাধারণভাবে আর্থিক পরিকল্পনার গুরুত্ব ও প্রচলিত ব্যাংকিং পণ্য/সেবা সম্পর্কিত বিষয়াদির ধারণা প্রদান করার মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি করতে হবে। তবে কোনো ব্যক্তি/প্রতিষ্ঠান যদি সুনির্দিষ্ট ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের আর্থিক পণ্য/সেবা সম্পর্কে আগ্রহী হন তবে অনুষ্ঠান সমাপনান্তে তাকে/তাদেরকে প্রয়োজনীয় তথ্য/সেবা দেয়া যেতে পারে।
- ✓ বাংলাদেশ ব্যাংকের বিদ্যমান নীতিমালার সাথে এ পুস্তিকায় উল্লেখিত তথ্য বা ধারণার কোন গরমিল পরিলক্ষিত হলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত নীতিমালাই প্রাধান্য পাবে।
- ✓ অনুষ্ঠান চলাকালে অনুষ্ঠানস্থলে (আলাদা ব্যবস্থায়) ব্যাংক হিসাব খোলা বা আর্থিক প্রতিষ্ঠানের জন্য কিম্ব সেবা গ্রহণের সুযোগ রাখা যাবে। তবে তা কোনোভাবেই যেন মূল অনুষ্ঠানকে বাধাগ্রস্ত না করে সে ব্যাপারে সতর্ক থাকতে হবে।
- ✓ দৈনন্দিন ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক সময়ে সময়ে আর্থিক সাক্ষরতা কর্মসূচি পরিদর্শন করবে।





বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
কৃষি ও পল্লী ঋণ বিভাগ
Financial Literacy Wing
www.krishibank.org.bd

সূত্রনং-প্রকা/কৃপবি-৩৫২/২০২৩-২৪/৭১

তারিখঃ ২৬/১২/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/ স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখাব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ আর্থিক সাক্ষরতা কার্যক্রম ২০২৪ এর আওতায় আয়োজিত প্রোগ্রামের বার্ষিক পরিকল্পনা ও জুলাই-ডিসেম্বর/২০২৩ বাণ্যাসিকের আর্থিক সাক্ষরতা কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট এর ২৯ নভেম্বর ২০২৩ তারিখের পত্র সূত্র নং একআইডি/২০৩/০২/২০২৩-৪০৫৮ এবং ক্রেডিট বিভাগের ২৩ নভেম্বর ২০২৩ তারিখের পত্র নং ১১৭৩(১২৫০) এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। শিরোনামোক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের পক্ষে একআইডি সার্কুলার নং ০১/২০২২ এর মাধ্যমে জারিকৃত Financial Literacy Guidelines for Banks and Financial Institutions এর ৫.২.৩, ৭.২.১ এবং ৭.২.২ নং অনুচ্ছেদের উল্লেখপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হয়েছেঃ


- বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক পরিচালিতব্য আর্থিক সাক্ষরতা কার্যক্রম ২০২৪ এর আওতায় আয়োজিতব্য প্রোগ্রামের বার্ষিক পরিকল্পনা (সংযুক্ত ফরম্যাটে) পরিচালক (একআইডি), ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক বরাবরে আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে দাখিল;
- মোট প্রোগ্রামের অর্ধেক জানুয়ারি-জুন বাণ্যাসিকের মধ্যে এবং অপর অর্ধেক জুলাই-ডিসেম্বর বাণ্যাসিকের মধ্যে আয়োজন এবং
- বাংলাদেশ কৃষি ব্যাংক এর আর্থিক সাক্ষরতা কার্যক্রম জুলাই-ডিসেম্বর/২০২৩ বাণ্যাসিকের অগ্রগতি বিষয়ক প্রতিবেদন নির্ধারিত ফরম্যাটে (Guidelines এর "Annexure-B" অনুযায়ী ১৫ই জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক বরাবরে দাখিল করতে হবে।

০৩। ক্রেডিট বিভাগের উপরোল্লিখিত পক্ষে বাংলাদেশ কৃষি ব্যাংক এর ওয়েবসাইটে সংযোজিত "Financial Literacy" ট্যাবে অর্ন্তভুক্ত লক্ষ্যে বিভিন্ন কনটেন্ট প্রেরণসহ ০২নং অনুচ্ছেদ এর (গ) উপ-অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা পরিপালনার্থে "Annexure-B" অনুযায়ী অগ্রগতি প্রতিবেদন জানুয়ারি মাসের ১০ তারিখের মধ্যে ইমেইল যোগে dgmppd@krishibank.org.bd ঠিকানায় সফটকপি এবং হার্ডকপি ক্রেডিট বিভাগে(বর্তমানে কৃষি ও পল্লী ঋণ বিভাগে) প্রেরণ করার জন্য পরামর্শ প্রদান করা হয়।

০৪। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক এর নির্দেশনা অনুযায়ী সংযুক্ত ছকে আর্থিক সাক্ষরতা কার্যক্রম ২০২৪ এর আওতায় আয়োজিত প্রোগ্রামের বার্ষিক পরিকল্পনা আগামী ২৮.১২.২০২৩ তারিখের মধ্যে এবং "Annexure-B" অনুযায়ী অগ্রগতি প্রতিবেদন জানুয়ারি মাসের ১০ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণের জন্য বিভাগীয় কার্যালয় সমূহকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত,

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক


ই-মেইলঃ dgmppd@krishibank.org.bd

সূত্রনং-প্রকা/কৃপবি-৩৫২/২০২৩-২৪/৭১

তারিখঃ ২৬/১২/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফঅফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফঅফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফঅফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।


(মোহাম্মদ শরিফুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক